



আল্লাহর সন্তুষ্টিই হোক সব কাজের লক্ষ্য: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, মানুষের প্রতিটি কাজের মূল উদ্দেশ্য হওয়া উচিত আল্লাহর সন্তুষ্টি অর্জন। তিনি আত্মসমালোচনার মাধ্যমে নিজেকে শুদ্ধ করা ও ধারাবাহিকভাবে উন্নত হওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

শনিবার (১৮ এপ্রিল) মৌলভীবাজার জেলা শিল্পকলা একাডেমির সম্মেলন কক্ষে আয়োজিত দিনব্যাপী জেলা সদস্য (রুকন) সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের আয়োজন করে জামায়াতে ইসলামী মৌলভীবাজার জেলা শাখা।

তিনি আরও বলেন, সংগঠনের সদস্যদের দায়িত্ববোধ, কর্তব্যনিষ্ঠা এবং আদর্শ বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি। একজন রুকন হিসেবে সমাজ ও দেশের কল্যাণে আত্মনিয়োগের পাশাপাশি নৈতিক দৃঢ়তা বজায় রাখাও অপরিহার্য।

গোলাম পরওয়ার উল্লেখ করেন, ব্যক্তিগত লাভ, পদ-পদবি কিংবা পার্থিব আকাঙ্ক্ষা নয়—দায়িত্ব পালন করতে হবে অসীকারের অংশ হিসেবে এবং তা একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্যই। কোনো কাজের স্বীকৃতি মিলল কি না, তা নিয়ে ভাবার প্রয়োজন নেই; বরং নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন চালিয়ে যাওয়াই প্রধান বিষয়।

জেলা আমির প্রকৌশলী মো. সায়েদ আলীর সভাপতিত্বে এবং জেলা সেক্রেটারি মো. ইয়ামীর আলীর পরিচালনায় আয়োজিত এ সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমির মাওলানা আব্দুর রহমান ও জেলা সহকারী সেক্রেটারি আজিজ আহমদ কিবরিয়া।

অনুষ্ঠানে দারসুল কুরআন পেশ করেন জেলা কর্মপরিষদের সদস্য মাওলানা আমিনুল ইসলাম। সম্মেলনে জেলার প্রায় পাঁচ শতাধিক সদস্য (রুকন) অংশগ্রহণ করেন।